গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট।

## বদ্ধ সরকারি জলমহাল বন্দোবস্ত/ ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট সদর উপজেলাধীন নিম্ন তফশিলভূক্ত বদ্ধ জলমহালসমূহ "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" মোতাবেক (১৪২৭ হতে ১৪২৯) বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন, বছর মেয়াদে বন্দোবস্ত/ ইজারা প্রদান করা হবে।

| ক্রমিক নং | জলমহালের নাম | জলমহালের আয়তন/জমির পরিমান | সর্বনিম্ন বাৎসরিক ইজারা মূল্য | আবেদন ফরম ক্রয়ের সর্বশেষ তারিখ চলাকালীন অফিস) (সময়ে | আবেদন দাখিলের তারিখ (সকাল ১০ টা হতে দুপুর ১ টা পর্যন্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | গোখরার বিল | ৪.০৮ একর | ১,৫৭৫/- | ১ম বার : ১০/০৩/২০২০ খ্রি.<br>২য় বার : ১৮/০৩/২০২০ খ্রি.<br>৩য় বার : ২৪/০৩/২০২০ খ্রি. | ১১/০৩/২০২০ খ্রি.<br>১৯/০৩/২০২০ খ্রি.<br>২৫/০৩/২০২০ খ্রি. | |
| ২ | বরুয়া জলকর | ২.৮৯ একর | ১৬,৫৩৮/- | | | |
| ৩ | সিন্দুরমতি পুকুর | ৭.৭৮ একর | ৩,১৫,১০৫/- | | | |
| ৪ | নয়াদিঘী নওদাবাস | ১.২৮ একর | ৫৩,০২৫/- | | | |
| ৫ | খেদাবাগ ঈদগাহ মাঠ পুকর | ২.৬৪ একর | ১৪,১৭৫/- | | | |

**বন্দোবস্ত/ ইজারা বিজ্ঞপ্তির শর্তাবলী :**

১. বন্দোবস্ত/ইজারার আবেদন ফরম ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে ইজারা বিজ্ঞপ্তির তফসিলের ০৫ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, লালমনিরহাট সদর, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর, ও উপজেলা সমবায় অফিস, লালমনিরহাট সদর, লালমনিরহাট হতে সংগ্রহ করা যাবে।

২. পূরণকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ইজারা বিজ্ঞপ্তির তফসিলের ৬ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর অথবা উপজেলা ভূমি অফিস, লালমনিরহাট সদর এ রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে। ঐ দিনই বেলা ৩.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) জমাকৃত আবেদনের বাক্স খোলা হবে।

৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কাংখিত ইজারা মূল্য ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি না পাওয়া পর্যন্ত ইজারা বিজ্ঞপ্তির তফসিলের ০৫ ও ০৬নং কলামে বর্ণিত ২য়, ৩য় বারের জন্য ধার্যকৃত তারিখ ও সময়সূচি মোতাবেক পর্যায়ক্রমে বন্দোবস্ত/ ইজারার আবেদন বিক্রয় ও গ্রহণ কার্য অব্যহত থাকবে।

৪. জলমহালসমূহের ইজারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি / সমিতির মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৫. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৬. খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ও আবেদনকৃত জলমহালের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি কে অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।

৮. আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ২ (দুই) বছরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৯. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন।

১০. নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি / সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১১. আবেদনপত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১২. আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি / সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন /সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রুপরেখা সংযুক্ত করবেন।

১৩. আবেদন অসম্পূর্ন থাকলে তা বাতিল বলে বিবেচিত হবে।

১৪. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তা হলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের আযোগ্য বিবেচিত হবে।

১৫. আবেদনের সংগে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফট/ পে অর্ডার এবং উদ্বৃত মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/ পে অর্ডার নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে (জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে)।

১৬. আবেদনপত্রে দরের পরিমাণ বছরওয়ারী অথবা ০৩ (তিন) বছর মেয়াদের উল্লেখ থাকতে হবে।

১৭. আবেদন অনুমোদনের পর প্রথম বছরের সাকুল্য ইজারা মুল্য ০৭ (সাত) দিনের মধ্যে সরকারি খাতে জমা প্রদান করতে হবে। কোনক্রমেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৮. ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন / সমিতি কে প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সময় মোট ইজারা মূল্যের ৫% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) প্রদান করতে হবে।

চলমান পাতা-০২

১৯. ইজারা মেয়াদের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

২০. বন্দোবস্ত/ ইজারার মেয়াদ ১ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদন হোক না কেন তা ১ বৈশাখ ১৪২৭ হতে কার্যকর বলে গণ্য হবে।

২১. আবেদনপত্র অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

২২. কোন মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি/সমিতি দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ইজারা পাবে না।

২৩. চুক্তি সম্পাদনের পর আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল হস্তান্তর করা হবে চুক্তির মেয়াদ পর্যন্ত উক্ত ইজারা বলবৎ থাকবে (শর্ত ভঙ্গ না করলে)।

২৪. ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই উপ-ইজারা বা অন্য কোন উপায়ে কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না বা অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে উক্ত ইজারা বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত ইজারাগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন দাখিল করতে পারবে না।

২৫. ইজারাযোগ্য জলাশয়/ পুকুরের আয়তন ব্যতীত বাড়ী বা সংলগ্ন পতিত জমি ইজারার আওতাভূক্ত হবে না।

২৬. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/ অধিকার স্বত্ব থাকবে না এবং জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর ন্যস্ত হবে।

২৭. সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির জন্য ইজারা গ্রহীতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

২৮. যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

২৯. ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" এবং প্রচলিত অন্যান্য বিধি বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

২৬/০২/২০

(উত্তম কুমার রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালমনিরহাট সদর, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
লালমনিরহাট সদর, লালমনিরহাট
acl.sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ৩১.৪৭.৫২৫৫.০০৩.০০২.০১৬.২০-৩৩৫

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৬ / ২৬ ফেব্রুয়ারি ২০২০

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

১। মাননীয় সংসদ সদস্য লালমনিরহাট-৩ ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
২। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো :**

৫। অফিসার ইনচার্জ, লালমনিরহাট সদর থানা, লালমনিরহাট। তাকে ইজারা বিজ্ঞপ্তির ৬নং কলামে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর ও উপজেলা ভূমি অফিস, লালমনিরহাট সদর, লালমনিরহাট এ প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।
৬। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর, লালমনিরহাট। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। উপজেলা ------------------------------------------------------ ----------কর্মকর্তা, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৮। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-------------------------ইউনিয়ন ভূমি অফিস, (সকল) লালমনিরহাট সদর, লালমনিরহাট। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে দাখিল করার জন্য বলা হলো।
১০। জনাব---------------------------------------------------------------------- সদস্য ,লালমনিরহাট সদর, লালমনিরহাট।
১১। সভাপতি/ সম্পাদক,-------------------------------------মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি লালমনিরহাট সদর, লালমনিরহাট।
১২। প্রাক্তন ইজারাদার সভাপতি/সম্পাদক---------------------------------মৎস্যজীবী সংগঠন/সমিতি লালমনিরহাট সদর, লালমনিরহাট।
১৩। নোটিশ বোর্ড অত্রাফিস।

২৬/২/২০

( জি,আর, সারোয়ার )
সহকারী কমিশনার (ভূমি)
লালমনিরহাট সদর, লালমনিরহাট।
ফোন: ০৫৯১-৬১৩২১
ইমেইল-aclsadarlal@gmail.com